

## Matured Technology

প্রতিষ্ঠানঃ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট

প্রযুক্তি উদ্ভাবনের সালঃ ২০০৪-০৫

প্রযুক্তির নাম	কেনাফ বীজ সংরক্ষণের ফলে আমিষ ও মিষ্টতার পরিবর্তন নির্ণয়
প্রযুক্তির বৈশিষ্ট্য	১। কেনাফ বীজ সংরক্ষণের ফলে মিষ্টতা বৃদ্ধি পায়। ২। বীজের বয়স বাড়ার সাথে সাথে আমিষের পরিমাণ হ্রাস পায়।
প্রযুক্তির উপযোগিতা	-এইচসি-২, এইচসি-৯৫ ও বিজেআরআই কেনাফ-৩ জাতের কেনাফ বীজের জন্য এপদ্ধতি বেশ কার্যকর। - শিরল ও গ্রীলক্রিস্টের (১৯৬৩) পদ্ধতি অনুসরণ করে মিষ্টতা পরিমাপ করলে এই প্রযুক্তি কার্যকর হবে। -লাউরি, ১৯৫১-এর পদ্ধতি অনুসরণ করে আমিষ পরিমাপ করলে এই প্রযুক্তি কার্যকর হবে।
মাঠ পর্যায়ে তথ্য	- প্রায় ১০ মাস বীজ সংরক্ষণের পর (জানুয়ারী থেকে নভেম্বর) এইচসি-২, এইচসি-৯৫ ও বিজেআরআই কেনাফ-৩ জাতের কেনাফ বীজের মিষ্টতা যথাক্রমে প্রায় ৫০%, ৩৭% ও ২০% বৃদ্ধি পেয়েছে এবং আমিষ যথাক্রমে প্রায় ৯০%, ৮৫% এবং ৮০% হ্রাস পেয়েছে।
প্রযুক্তি হতে প্রাপ্তি	মিষ্টতা বাড়লে যেহেতু অনুজীবের আক্রমণ বাড়ে তাই কৃষক বীজ সংরক্ষণের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করলে বীজের গুণাগুণ দীর্ঘ দিন ভালো থাকবে এবং জাত ভেদে সংরক্ষণের পরিবেশের ভিন্নতা আনলে কেনাফ বীজের অঙ্কুরোগম ক্ষমতা বজায় থাকবে।